



বাংলাদেশ দূতাবাস, স্টকহোম  
Embassy of Bangladesh  
Stockholm

Mujib Year's Diplomacy  
Friendship & Prosperity



নং-১৯.০১.৪৬০১.১০১.৪৬.০৯০.১৯-০৯৬

তারিখঃ ১১ মার্চ ২০২১

প্রিয় সুধী,

আসছে ১৭ মার্চ ২০২১, বুধবার, বেলা ২ ঘটিকায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২১ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে এই দূতাবাসে একটি অনলাইন ভিত্তিক আলোচনা সভার আয়োজন করা হয়েছে।


উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য আপনাদেরকে সাদর আমন্ত্রণ জানানো হচ্ছে। অভিভাবকদের তাদের সন্তানদের উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণে উৎসাহ প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। করোনা উদ্ভূত পরিস্থিতিতে শিশুদের সরাসরি অংশগ্রহণে অনুষ্ঠান সম্ভব না হওয়ার কারণে অনুষ্ঠিতব্য অনলাইন অনুষ্ঠানে তাদের অংশগ্রহণে নির্মিত কবিতা পাঠ, গান, নাচ, নাটিকা ইত্যাদির ভিডিও ক্লিপ প্রদর্শন করা হবে। এজন্য শিশুদের অংশগ্রহণে নির্মিত কবিতা পাঠ, গান, নাচ, নাটিকা ইত্যাদির ৩-৫ মিনিটের ভিডিও ক্লিপ আহ্বান করা যাচ্ছে।

উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ করতে ইচ্ছুক অগ্রহীণকে পূর্ণনাম, ঠিকানা, ই-মেইল ঠিকানা এবং মোবাইল নম্বর এবং শিশুদের অংশগ্রহণে নির্মিত ভিডিও ক্লিপ আগামী ১৫ মার্চ ২০২১ তারিখের মধ্যে দূতাবাসের নিম্নলিখিত ই-মেইল ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ

[mission.stockholm@mofa.gov.bd](mailto:mission.stockholm@mofa.gov.bd)

আগ্রহী ব্যক্তিদের প্রেরিত ই-মেইল ঠিকানায় অনুষ্ঠানের সূচি, জুম (zoom) মিটিং লিংক, আইডি ও পাসওয়ার্ড যথাসময়ে সরবরাহ করা হবে।

আপনার একান্ত,



(মোঃ মোরশেদুর রহমান তালুকদার)  
প্রথম সচিব ও দূতালয় প্রধান

সুইডেন, নরওয়ে ও ফিনল্যান্ডে বসবাসরত বাংলাদেশ কমিউনিটির সদস্যবৃন্দ

[বিঃ দ্রঃ আমন্ত্রণ পত্রটি দূতাবাসের ওয়েবসাইট ও দূতাবাসের ভেরিফাইড ফেসবুক পেজে প্রকাশিত হলো]